



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-১ শাখা।
www.lgd.gov.bd



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি


নম্বর-৪৬.০০.০০০০.০৬৩.২৭.০০৩.২০- ২৪৫৫

তারিখ: ২১ কার্তিক, ১৪২৯
০৬ নভেম্বর, ২০২২

বিষয়: কারণ দর্শানো নোটিশ।

যেহেতু, আপনি জনাব মোঃ জাহাঙ্গীর আলম, মেয়র (সাময়িকভাবে বরখাস্তকৃত), দুপচাঁচিয়া পৌরসভা, বগুড়া-এর বিরুদ্ধে বগুড়া সদর থানার বিজ্ঞ ১ম শ্রেণির ম্যাজিস্ট্রেট আদালতে দায়েরকৃত জিআর ২৬/৯৬ (দুপচাঁচিয়া) এবং ১ম অতিরিক্ত দায়রা জজ আদালত, বগুড়া-তে দায়েরকৃত ফৌজদারি আপীল নম্বর ৫৩/২০০৫ মামলায় পাবলিক পরীক্ষা নিয়ন্ত্রণ আইন, ১৯৮০ এর ১১ ধারায় ২৪ আগস্ট, ২০২২ খ্রি. তারিখে আপীল নামঞ্জুর করে সাজা বহাল রাখার আদেশ প্রদান করা হয়;

সেহেতু, স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ৩২(১)(খ) মোতাবেক নৈতিক স্বলনজনিত অপরাধে আদালত কর্তৃক দণ্ডিত হওয়া এবং ধারা ৩২(১)(ঘ) মোতাবেক অসদাচরণ ও ক্ষমতার অপব্যবহারের দায়ে দোষী সাব্যস্ত করে কেন আপনাকে মেয়রের পদ হতে অপসারণ করা হবে না তা একই আইনের ধারা ৩২(৩) অনুযায়ী পত্র প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে এর ব্যাখ্যা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।


(মো: আব্দুর রহমান)
উপসচিব
ফোন: ০২৯৫১৪১৪২


জনাব মোঃ জাহাঙ্গীর আলম
মেয়র (সাময়িকভাবে বরখাস্তকৃত)
দুপচাঁচিয়া পৌরসভা, বগুড়া

নম্বর-৪৬.০০.০০০০.০৬৩.২৭.০০৩.২০-

তারিখ: ২১ কার্তিক, ১৪২৯
০৬ নভেম্বর, ২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। একান্ত সচিব, মাননীয় মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। যুগ্মসচিব (নগর উন্নয়ন-২), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। জেলা প্রশাসক, বগুড়া।
- ৫। উপসচিব (পৌর-২), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। সচিব-এর একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭। প্যানেল মেয়র-১, দুপচাঁচিয়া পৌরসভা, বগুড়া।
- ৮। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি স্থানীয় সরকার বিভাগের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৯। অফিস কপি।


(মো: আব্দুর রহমান)
উপসচিব